# Times Today BD

এসকে সোহেল | খুলনা | 27 May, 2025

বাগেরহাটের রামপাল উপজেলার ফয়লা বাজারের সুন্দরবন প্রাঃ হসপিটাল এ্যান্ড ডায়গনস্টিক সেন্টার সিলগালা করা হয়েছে ভুল অস্ত্রোপচার ও সার্বক্ষনিক চিকিৎসক না থাকায় মঙ্গলবার (২৭ মে) দুপুরে প্রতিষ্ঠানটির ক্লিনিক অংশ (রোগী ভর্তি ও অস্ত্রোপচার-অপারেশন) সিলগালা করেন উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা সুকান্ত কুমার পাল। তবে প্রতিষ্ঠানটি তাদের ডায়গনস্টিক সেন্টার ও চিকিৎসকদের চেম্বার নিয়ম অনুযায়ী চালাতে পারবেন।

জানাযায়, বিভিন্ন সময় ওই প্রতিষ্ঠানে ভুল চিকিৎসা ও অপারেশনের ফলে রোগীর মৃত্যু হয়েছে।সব শেষ সোমবার রাতে তানিয়া বেগম নামের এক নারীর সিজারিয়ান অপারেশন হয়। তিনি গুরুত্বর অসুস্থ্য হয়ে পড়লে, খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষনা করেন। পরে সুন্দরবন হাসপাতালে পরিচালক নাজমুল হাসান রিয়াজ নিহত প্রসূতির স্বজনদের সাথে মোটা অংকের টাকার বিনিময়ে দফারফা করেন বিভিন্ন সময় অন্তত ১৫ জন রোগী ভুল চিকিৎসার স্বীকার হয়েছেন বলে দাবি স্থাণীয়দের।

রামপাল উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা সুকান্ত কুমার পাল বলেন, হাসপাতালটিতে নানা অনিয়ম রয়েছে সেখানে নিয়মিত কোন চিকিৎসক থাকেন না। রাতে কোন ডিউটি ডাক্তারও থাকেন না। অপারেশন থিয়েটারে প্রয়োজনীয় কোন যন্ত্রপাতি নেই। কিছু যন্ত্রপাতি আছে, তা আবার নষ্ট। এসব কারণে ক্লিনিকটিতে অপারেশন কার্যক্রম ও রোগী ভর্তি বন্ধ করা হয়েছে।

তিনি আরও বলেন, সিলগালার আদেশ দেওয়ার সময়, ক্লিনিকে ৭জন রোগী ছিলেন। তাদের বেশিরভাগ সুস্থ্য হয়ে গেছেন। দুইজনকে অন্য হাসপাতালে নেওয়ার প্রয়োজন ছিল, তাদেরকে

উপজেলা হাসপাতালে নেওয়ার জন্য এ্যাম্বুলেন্স পাঠানো হয়েছিল। কিন্তু তাদের স্বজনরা আসতে অনীহা প্রকাশ করেছেন।

হাসপাতালের অনিয়ম ও চিকিৎসক না থাকার বিষয়ে পরিচালক নাজমুল হাসান রিয়াজ কোন কথা বলতে রাজি হননি।

অস্ত্রোপচার চিকিৎসক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:19

URL: https://www.timestodaybd.com/khulna/7758073033